স্বপ্নবাজ তরুণদের মুখপত্র

# আমরা করবো জয়

৮৫ তম সংখ্যা

জানুয়ারি ২০২৫

## তারুণ্যের প্রত্যয়ে মুছে যাবে ভেদ
## গড়ব সুশাসন ও সম্প্রীতির বাংলাদেশ








## ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ

# আমরা করবো জয়

**উপদেষ্টা**
ড. বদিউল আলম মজুমদার

**সম্পাদক**
নেসার আমিন
আরমান আরাফাত অনিক

**সম্পাদনা সহযোগী**
মোস্তাফিজুর রহমান সজল
অলিউল ইসলাম
মো. তামিম রহমান চৌধুরী
আহাম্মদ উল্যা
সাবেকুন্নাহার ইকরা
বিজয়া ইসলাম
নাজনীন আরা শিম্পা

**প্রকাশকাল**
জানুয়ারি ২০২৫

**প্রকাশনায়**
ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
হেরাল্ডিক হাইট্স,
২/২ (লেভেল: ৪), ব্লক-এ, মিরপুর রোড,
মোহাম্মদপুর, ঢাকা -১২০৭
ওয়েব: yeh.thpbd.org
ফেসবুক: www.facebook.com/YEHBD

## সম্পাদকীয়

ইয়ুথ এন্ডিং হাঙ্গার একটি প্রতিশ্রুতি, একটি সামাজিক আন্দোলন। এই আন্দোলন বিগত ৩০ বছরে সারাদেশে জন্ম দিয়েছে লক্ষাধিক প্রতিশ্রুতিবদ্ধ তরুণ স্বেচ্ছাব্রতীর, যাঁরা ক্ষুধামুক্ত, সমৃদ্ধ, মানবিক ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে নিবেদিত।

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বিশ্বাস করে, সচেতন, সংগঠিত ও সক্রিয় তরুণ প্রজন্মই পারে আগামী দিনের বৈষম্যহীন, বহুত্ববাদী ও মানবিক মর্যাদাপূর্ণ স্বপ্নের বাংলাদেশ গড়তে। এরই লক্ষ্যে 'তারুণ্যের প্রত্যয়ে মুছে যাবে ভেদ, গড়ব সুশাসন ও সম্প্রীতির বাংলাদেশ'– এই স্লোগানকে হৃদয়ে ধারণ করে সারাদেশের হাজারো তরুণ ছাত্ররা মিলিত হয়েছে ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর পতাকাতলে, ২৪-২৫ জানুয়ারি ২০২৫, অষ্টাদশ জাতীয় যুব সম্মেলনে। নিশ্চয়ই তারুণ্যের এই মিলনমেলা সঠিক নেতৃত্ব নির্বাচনের মধ্য দিয়ে আগামীর সব বাধাকে জয় করে সুশাসন ও সম্প্রীতির এক অনন্য উচ্চতার বাংলাদেশ গড়তে অগ্রণী ভূমিকা রাখতে সক্ষম হবে।

# জাতীয় সমন্বয়কারীর বক্তব্য

**আরশী হোড়**
জাতীয় সমন্বয়কারী
**ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ**



'তারুণ্যের প্রত্যয়ে মুছে যাবে ভেদ, গড়ব সুশাসন ও সম্প্রীতির বাংলাদেশ'– এই স্লোগানকে সামনে রেখে উদ্‌যাপিত হচ্ছে অষ্টাদশ জাতীয় যুব সম্মেলন-২০২৫। উক্ত সম্মেলনে উপস্থিত সকল তরুণ বন্ধুর প্রতি জানাই আমার হৃদয় থেকে কৃতজ্ঞতা। শুভেচ্ছা রইল তাদের প্রতিও যে সকল স্বেচ্ছাব্রতী বন্ধু বিভিন্ন কারণে সম্মেলনে উপস্থিত হতে পারেনি।

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের তরুণরা আমাদের সবচেয়ে বড় সম্পদ। তাদের সৃজনশীলতা, উদ্দীপনা ও পরিবর্তনের ইচ্ছাশক্তিই বাংলাদেশকে আরও উন্নত করে তুলতে পারে। দীর্ঘদিন ধরে পরিবর্তনের রূপকার হয়ে দীপ্ত সৈনিকেরা সম্প্রীতি ও সুশাসন নিশ্চিত করে স্বপ্নের বাংলাদেশ গড়ার লক্ষ্যে নিরলস পরিশ্রম করে যাচ্ছে। 'আত্মশক্তিতে বলীয়ান ব্যক্তি কখনো দরিদ্র থাকতে পারে না'– এই মূলমন্ত্রকে ধারণ করে আমার তরুণ বন্ধুদের সমাজ পরিবর্তনের লক্ষ্যে করা নিরলস পরিশ্রম আমাকে প্রতি মূহুর্তে উদ্দীপ্ত করে। আমাদের সকলেরই দায়িত্ব, তরুণদের এই শক্তিকে কাজে লাগিয়ে একটি সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

তরুণদের প্রাণের উৎসব, এই মিলনমেলা অষ্টাদশ জাতীয় যুব সম্মেলনে সকলের স্বতস্ফূর্ত অংশগ্রহণ কামনা করছি। আমি বিশ্বাস করি, আমরা এই সম্মেলনের মধ্য দিয়ে একটি যুগান্তকারী সমন্বিত প্রত্যাশা সৃষ্টি করতে পারব, যা আমাদের স্বপ্নের বাংলাদেশ গড়ার লক্ষ্যে একটি নতুন মাত্রা দিবে।

সফল হোক অষ্টাদশ জাতীয় যুব সম্মেলন। আমরা করবো জয়।

সবাইকে আবারও অভিনন্দন।

# আহ্বায়কের বক্তব্য

**মো. সেলিম রেজা**
আহ্বায়ক
**অষ্টাদশ জাতীয় যুব সম্মেলন-২০২৫**



**'তা**রুণ্যের প্রত্যয়ে মুছে যাবে ভেদ, গড়ব সুশাসন ও সম্প্রীতির বাংলাদেশ'– এই স্লোগানকে বুকে ধারণ করে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'অষ্টাদশ জাতীয় যুব সম্মেলন-২০২৫'।

প্রতিটি সমাজে শান্তি, সম্প্রীতি ও সুশাসন একে অপরের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত। একটি শান্তিপূর্ণ সমাজে মানুষ তার অধিকার, স্বাধীনতা ও মর্যাদা পায়, সবাই মিলেমিশে থাকে।

সম্প্রীতি হলো সমাজের প্রতিটি জনগণের মধ্যে বোঝাপড়া, সহিষ্ণুতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে সম্পর্ক স্থাপন। যখন মানুষের মধ্যে বিদ্বেষ, হিংসা ও বৈষম্য থাকে, তখন সমাজে বিশৃঙ্খলা ও অস্থিরতা সৃষ্টি হয়। কিন্তু যখন মানুষ একে অপরকে শ্রদ্ধা ও ভালোবাসা দিয়ে গ্রহণ করে, তখনই সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠিত হয়।

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ প্রতিষ্ঠালগ্ন থেকেই তরুণদের নিয়ে সমাজ বিনির্মাণে এবং তরুণদের আত্মোন্নয়নে কাজ করে চলেছে। তারই ধারাবাহিকতায় অনুষ্ঠিত হবে যাচ্ছে অষ্টাদশ জাতীয় যুব সম্মেলন-২০২৫। এই সম্মেলন বৈষম্যহীন ও সম্প্রীতির সমাজ বিনির্মাণের মন্ত্রে সবাইকে অনুপ্রাণিত করুক, সম্প্রীতি ও সুশাসন প্রতিষ্ঠিত হোক সমাজে ও রাষ্ট্রে–এই প্রত্যাশা করি।

## রাজশাহী অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

মোট সাংগঠনিক জেলা: ৭টি (রাজশাহী, নওগাঁ, পাবনা, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়)

মোট ইউনিট: ২০টি

মোট সক্রিয় সদস্য: ১,২৬৯ জন (নারী: ৬১৫ জন; এবং পুরুষ: ৬৫৪ জন)

### কার্যক্রমসমূহ

#### ♦ চব্বিশের গণঅভ্যুত্থানে ইয়ুথ লিডারদের অনন্য ভূমিকা

চব্বিশের গণঅভুত্থানে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ, রাজশাহী বিশ্ববিদ্যালয় সাংগঠনিক জেলার সদস্যরা। তাঁরা শুরু থেকেই ছাত্র অধিকার, সামাজিক ন্যায্যতা ও বৈষম্যবিরোধী নানা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। সরকারি চাকরিতে কোটা পদ্ধতির সংস্কার আন্দোলন থেকে শুরু করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিটি পর্যায়ে তাঁরা ছিলেন নেতৃত্বের ভূমিকায়। এই আন্দোলনে অংশগ্রহণের মাধ্যমে তাঁরা সমাজের অবহেলিত এবং বঞ্চিত জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠার জন্য সচেষ্ট ছিলেন। আন্দোলনের সময় ইয়ুথ লিডারদের সুশৃঙ্খল ব্যবস্থাপনা, কার্যকর নেতৃত্ব এবং যুক্তিসঙ্গত দাবি উত্থাপন বিশেষভাবে প্রশংসিত হয়। তাঁদের এই অংশগ্রহণ শুধু আন্দোলনের গতিকে এগিয়ে নেয়নি, বরং তরুণ সমাজের মধ্যে নৈতিকতার চর্চা ও সামাজিক দায়িত্ববোধ জাগিয়ে তুলেছে। তাঁদের অবদান গণঅভ্যুত্থানকে একটি স্বচ্ছ ও গ্রহণযোগ্য রূপ দিতে সহায়তা করেছে।

#### ♦ দক্ষতার আলোয় উজ্জ্বল ভবিষ্যৎ



রাজশাহীতে তরুণদের দক্ষতা উন্নয়নে নতুন মাত্রা যোগ করেছে ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ। ২১ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সারা দিনব্যাপী VCAW (প্রত্যাশা, প্রতিশ্রুতি ও কার্যক্রম শীর্ষক কর্মশালা) ফ্যাসিলিটেটর প্রশিক্ষণে ১২ জন তরুণ অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল তরুণদের মধ্যে নেতৃত্ব, যোগাযোগ, দলগত কাজ এবং সমস্যা সমাধানের দক্ষতা বৃদ্ধি করা। এছাড়া, VCAW-এর লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে তরুণদের সচেতন করা এবং ভবিষ্যতে তাদের ফ্যাসিলিটেটর হিসেবে প্রস্তুত করাও এই প্রশিক্ষণের অন্যতম উদ্দেশ্য ছিল। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা দলগত কাজ, সমস্যা সমাধান, যোগাযোগ দক্ষতা এবং নেতৃত্বের গুণাবলি সম্পর্কে হাতে-কলমে শিক্ষালাভ করেন। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী অঞ্চলের সমন্বয়কারী শাহাদাত ইসলাম, রাজশাহী জেলা সমন্বয়কারী রতন কুমার, অষ্টাদশ জাতীয় সম্মেলনের আহ্বায়ক সেলিম রেজা এবং সাবেক ইয়ুথ মোবিলাইজেশন কর্মকর্তা মাসুম রাসেল। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা জানান, এটি তাঁদের নেতৃত্বের ক্ষমতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি করেছে।

#### ♦ ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ: নেতৃত্বের পথে তরুণদের যাত্রা



রাজশাহীতে তরুণদের মধ্যে নেতৃত্বের গুণাবলি বিকাশের লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী জেলার নিজস্ব উদ্যোগ ও অর্থায়নে ৯-১১ মে ২০২৪ তারিখে তিন দিনব্যাপী ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ (ব্যাচ: ১২৩২তম) সম্পূর্ণ হয়। এই প্রশিক্ষণে রাজশাহী শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য ছিল তরুণদের সক্রিয় নাগরিক হিসেবে গড়ে তোলা, তাদেরকে সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে উদ্বুদ্ধ করা এবং নেতৃত্বের বিভিন্ন দক্ষতা অর্জন করানো। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা সক্রিয় নাগরিক হওয়ার জন্য বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করেছেন।



তাছাড়া সক্রিয় নাগরিক হিসেবে শিক্ষার্থীদের দায়িত্ব ও কর্তব্য, বাংলাদেশের সফলতা ও দারিদ্র্যের চিত্র, উন্নয়নের ধারা, সমবেত প্রত্যাশা, সক্রিয় নাগরিক করা হয়েছে। এই প্রশিক্ষণের মাধ্যমে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী জেলা তরুণদের মধ্যে সচেতনতা সৃষ্টি করে এবং তাদেরকে সমাজের উন্নয়নে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করে।

## ♦ তরুণদের দক্ষতা বৃদ্ধিতে ইয়ুথ ভলান্টিয়ার প্রশিক্ষণ



তরুণদের নেতৃত্বে এগিয়ে আসার প্রত্যয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী জেলার অর্থায়নে ও রাজশাহী বিশ্ববিদ্যালয় সাংগঠনিক জেলার উদ্যোগে আয়োজিত তরুণদের দক্ষতা বৃদ্ধিতে ইয়ুথ ভলান্টিয়ার প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে। এতে অংশগ্রহণ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের তরুণ-তরুণীরা। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য ছিল তরুণদের মধ্যে নেতৃত্বদানের দক্ষতা উন্নয়ন করা। নেতৃত্বের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য তাঁদের প্রস্তুত করাই ছিল এই কর্মসূচির প্রধান উদ্দেশ্য।



অংশগ্রহণকারীরা কর্মশালার বিভিন্ন সেশনে সক্রিয়ভাবে অংশ নেন। তাঁরা তাঁদের মতামত, চ্যালেঞ্জ এবং ভবিষ্যতের লক্ষ্য নিয়ে আলোচনা করেন। প্রশিক্ষণ শেষে অনেকেই তাঁদের দক্ষতা বৃদ্ধির জন্য নতুন উদ্দীপনা অনুভব করেছেন। প্রশিক্ষণের শেষে একটি সনদ প্রদান সভা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারীরা প্রতিশ্রুতি দেন, তাঁরা তাঁদের অর্জিত জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করবেন।

## ♦ বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে ইয়ুথ লিডাররা



জুলাই পরবর্তী সময়ে আকস্মিক বন্যার কারণে দেশের বিভিন্ন অঞ্চলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। এ সময় ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহীর যুব নেতৃত্ব অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে মানবতার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে। বন্যার্তদের দুর্ভোগ লাঘবের জন্য তাঁরা ত্রাণ সংগ্রহ কার্যক্রম শুরু করে এবং ত্রাণ বিতরণে সর্বোচ্চ প্রচেষ্টা চালায়। ইয়ুথ লিডাররা স্থানীয় সম্প্রদায়ের সঙ্গে সমন্বয় করে খাবার, বিশুদ্ধ পানি, শুকনো খাবার, পোশাক এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করেন।

## ♦ 'আমরা বাঙালি, ২১ আমাদের অহংকার'



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উপলক্ষে সকাল ৭:৩০টায় শোভাযাত্রা এবং পরে দেশের প্রথম শহীদ মিনারে (রাজশাহী কলেজে মুসলিম ছাত্রাবাস) পুষ্পস্তবক অর্পণ করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার, রাজশাহীর একঝাঁক তরুণ-তরুণী।



সেখানে উপস্থিত ছিলেন আঞ্চলিক সমন্বয়কারী মো. শাহাদাত ইসলাম, সাবেক আঞ্চলিক সমন্বয়কারী জুলেখা খাতুন, নূরে-ফজিলাতুন্নেছা লাবনী-সহ আরও অনেক ইয়ুথ লিডার। ২১'র চেতনাকে ধারণ করে জীবনে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন উপস্থিত সকলে।

## ♦ সবজি বীজ উপহার প্রদান



চরাঞ্চলের পরিবারের পুষ্টি নিশ্চিতকরণে অনন্য উদ্যোগ নিয়েছে ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাঘা ইউনিটের সদস্যরা। তাঁরা সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বাঘার চরাঞ্চলের মানুষের পুষ্টির চাহিদা পূরণে একটি প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেন। সামাজিক উদ্যোগ 'ব্যালকনি'-এর সহযোগিতায় তারা প্রায় ৫০টি পরিবারের মধ্যে বিনামূল্যে নানা ধরনের সবজি বীজ বিতরণ করেন।

এই কার্যক্রমের লক্ষ্য ছিল চরাঞ্চলের মানুষের পুষ্টির ঘাটতি পূরণ এবং তাদের মধ্যে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার ধারণা ছড়িয়ে দেওয়া। সবজি বীজ বিতরণ করার মাধ্যমে পরিবারগুলোকে উৎসাহিত করা হয়েছে নিজ উদ্যোগে সবজি চাষ করতে, যা তাদের পুষ্টি চাহিদা পূরণে সহায়ক হবে।



বীজ বিতরণের পাশাপাশি ইয়ুথ লিডাররা পরিবারগুলোকে সবজি চাষের পদ্ধতি, পরিচর্যা এবং ফলন বাড়ানোর বিভিন্ন কৌশল সম্পর্কে পরামর্শ প্রদান করেন। চরাঞ্চলের মানুষের সঙ্গে তাঁরা সরাসরি যোগাযোগ স্থাপন করে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে তাঁদের এই উদ্যোগ সফল করে তোলেন।

### ♦ রাজশাহী সিটি ইউনিটের উদ্যোগে চলচ্চিত্র প্রদর্শনী ও পাঠের আয়োজন



রাজশাহী সিটি ইউনিটের উদ্যোগে সম্প্রতি একটি ব্যতিক্রমী চলচ্চিত্র প্রদর্শনী ও পাঠের আয়োজন করা হয়েছিল, যা একটি সাংস্কৃতিক এবং শিক্ষামূলক কার্যক্রম হিসেবে উল্লেখযোগ্য। চলচ্চিত্র প্রদর্শন এমন একটি সাংস্কৃতিক কার্যক্রম, যেখানে দর্শকদের জন্য নির্দিষ্ট স্থানে চলচ্চিত্র প্রদর্শিত হয় এবং এর মাধ্যমে তাঁরা বিনোদন, শিক্ষা ও সমাজ জীবনের বিভিন্ন দিক সম্পর্কে সচেতন হতে পারেন। চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে দর্শকরা বিভিন্ন সংস্কৃতি ও মানসিকতার সঙ্গে পরিচিত হন, যা তাদের চিন্তা ও দৃষ্টিভঙ্গিকে সমৃদ্ধ করে। এই ধরনের আয়োজন বিশেষত তরুণ-তরুণীদের জন্য একটি শক্তিশালী মাধ্যম হিসেবে কাজ করে, যা তাদের আবেগ, চিন্তা ও উপলব্ধিতে গভীর প্রভাব ফেলে।

### ♦ চারঘাট ইউনিটের উদ্যোগে ১৯টি 'প্রত্যাশা, প্রতিশ্রুতি ও কার্যক্রম 'শীর্ষক কর্মশালা সম্পন্ন

২০২৪ সালে ইয়ুথ এন্ডিং হাঙ্গার চারঘাট ইউনিট নিজেদের উদ্যোগে ১৯টি 'প্রত্যাশা, প্রতিশ্রুতি ও কার্যক্রম 'শীর্ষক কর্মশালা (VCAW) সফলভাবে সম্পন্ন করে। এই কর্মশালাগুলো চারঘাট উপজেলার বিভিন্ন স্থানে আয়োজন করা হয়। কর্মশালার মূল লক্ষ্য ছিল তরুণদের মধ্যে নেতৃত্ব, সামাজিক দায়বদ্ধতা ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের ক্ষমতায়ন করা।




কর্মশালাগুলো পরিচালনার দায়িত্বে ছিলেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী জেলার ফ্যাসিলিটেটর ও যুগ্ম সমন্বয়কারী সুফল কুমার। তাঁকে সহযোগিতা করেন ইয়ুথ লিডার আশরাফুল ইসলাম।

### ♦ জুলাই অভ্যুত্থানের পর পুলিশ প্রশাসনকে শুভেচ্ছা জানিয়ে নতুন উদ্যম সৃষ্টি



জুলাই বিপ্লবের পর দেশের প্রশাসনে এক ধরনের শঙ্কা ও অনিশ্চয়তা কাজ করছিল। দায়িত্ব পালনে ভীতি ও দ্বিধা তাদের কার্যক্রমে প্রভাব ফেলেছিল, যা নতুন উদ্যমে কাজ শুরু করার পথে বাধা সৃষ্টি করেছিল। এই সংকটময় পরিস্থিতিতে ইয়ুথ এন্ডিং হাঙ্গার, রাজশাহী জেলা একটি ব্যতিক্রমী ও মানবিক উদ্যোগ গ্রহণ করে। তারা প্রশাসনের সদস্যদের কাছে গিয়ে তাদেরকে ফুল দিয়ে শুভেচ্ছা জানায় এবং মনোবল বাড়াতে উৎসাহ প্রদান করে। এই উদ্যোগ প্রশাসনের জন্য এক নতুন অনুপ্রেরণার উৎস হয়ে দাঁড়ায়।

### ♦ পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচি

বগুড়া জেলা ইয়ুথ ইউনিট বিভিন্ন সময় বিভিন্ন কাজ করে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য কাজ হচ্ছে পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচি। বগুড়া জেলার বিভিন্ন ইউনিট বিভিন্ন সময় আশেপাশের কলেজ গুলোতে পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচি পালন করে থাকে। এছাড়াও অনেক সময় ইয়ুথরা একসঙ্গে মিলে স্পোকেন ইংলিশ অনুশীলন করে থাকে, যার মাধ্যমে শিক্ষার্থীদের ইংরেজি দক্ষতা বৃদ্ধি পায়। নিরক্ষরতা দূরীকরণেও ভূমিকা রাখছেন ইয়ুথ লিডাররা। ইয়ুথদের আশেপাশে যেসব দরিদ্র শিক্ষার্থী রয়েছে তাদেরকে পড়ানোর

কাজেও অনেকে নিয়োজিত রয়েছেন। এছাড়াও মানবতার দেয়ালের ব্যবস্থা করা হয়েছে, যেখানে মানুষজন তাদের পুরাতন জামাকাপড় দিয়ে আসেন। ইয়ুথরা সেগুলো সংগ্রহ করে দরিদ্র মানুষের মাঝে বিতরণ করেন, যা নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।

### ♦ 'বন্যার্তদের পাশে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইয়ুথ এন্ডিং হাঙ্গার সদস্যরা'



২০২৪ সালের আগস্ট মাসের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের সহায়তায় এগিয়ে আসে ইয়ুথ এন্ডিং হাঙ্গার, রাজশাহী বিশ্ববিদ্যালয় সাংগঠনিক জেলার সদস্যরা। তাঁরা বন্যার্তদের জন্য তহবিল সংগ্রহ করে এবং সংগৃহীত সহায়তা সরাসরি ক্ষতিগ্রস্তদের কাছে পৌঁছে দেন। সংগঠনের সমন্বয়কারী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সঙ্গে যুক্ত থেকে সহযোগিতার এই উদ্যোগকে বাস্তবায়ন করতে নিজে সরেজমিনে লক্ষীপুর জেলার রামগতি ইউনিয়নে যান।



সেখানে তিনি বন্যার্তদের প্রয়োজনীয়তা নিরূপণ করেন এবং স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করে ত্রাণ বিতরণের কার্যক্রম পরিচালনা করেন।

### ♦ পরিবেশ রক্ষায় সজনে গাছ রোপণ কর্মসূচি



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাঘা ইউনিট পরিবেশ সংরক্ষণ ও খাদ্য পুষ্টি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে ইউনিটটি রাজশাহীর বাঘা উপজেলার বিনোদপুর এলাকায় প্রায় ৫০টি সজনে গাছের ডাল রোপণ করে। এই উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল পরিবেশবান্ধব বৃক্ষরোপণ কার্যক্রমকে উৎসাহিত করা এবং স্থানীয় জনগণের পুষ্টির চাহিদা পূরণ করা। বর্তমানে রোপিত সজনে গাছগুলোর মধ্যে প্রায় ১২টি গাছ বেঁচে আছে এবং সেগুলো ক্রমান্বয়ে বেড়ে উঠছে।

### ♦ পরিবেশ সচেতনতায় বৃক্ষরোপণ ও অনলাইন ক্যাম্পেইন

২০২৪ সালের মে ও জুন মাসে, ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী সিটি ইউনিট পরিবেশ সংরক্ষণ এবং মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে একটি বিশেষ বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করে। এই কর্মসূচির সঙ্গে # ছায়া হ্যাশট্যাগ ব্যবহার করে একটি অনলাইন ক্যাম্পেইনেরও আয়োজন করা হয়। কর্মসূচির আওতায় ইউনিটের লিডাররা বিভিন্ন স্থানে গাছ লাগানোর পর সেই গাছের সঙ্গে ছবি তুলে নিজেরা অনলাইনে পোস্ট করেছেন। এই পোস্টগুলো ব্যক্তিগত সামাজিক যোগাযোগমাধ্যমের প্রোফাইল এবং বিভিন্ন গ্রুপে শেয়ার করার মাধ্যমে ব্যাপক মানুষের কাছে পৌঁছানো হয়। এই অনলাইন ক্যাম্পেইনের মাধ্যমে পরিবেশবান্ধব উদ্যোগের গুরুত্ব তুলে ধরা হয় এবং মানুষকে গাছ লাগানোর জন্য উদ্বুদ্ধ করা হয়। বিশেষ করে তরুণ প্রজন্মের মধ্যে এ ধরনের সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম দারুণ সাড়া ফেলেছে।

### ♦ 'রাজশাহীতে নিয়মিত পাঠচক্রে সদস্যদের জ্ঞানচর্চা ও আলোচনা'



রাজশাহী জেলার বিভিন্ন ইউনিট নিয়মিত পাঠচক্রের আয়োজন করে থাকে, যা সদস্যদের মাঝে জ্ঞানমূলক আলোচনার পরিবেশ সৃষ্টি করে। প্রতিটি পাঠচক্রে প্রায় ১৫ থেকে ২০ জন সদস্য উপস্থিত থাকেন, যারা বিভিন্ন বিষয়ে আলোচনা ও বিতর্কে অংশগ্রহণ করেন। এই পাঠচক্রগুলো সাধারণত নির্দিষ্ট সময় এবং স্থানে অনুষ্ঠিত হয়, যেখানে সদস্যরা পাঠ্যবই, সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক বিষয় নিয়ে আলোচনা করেন। এছাড়া এই পাঠচক্রের মাধ্যমে সদস্যদের মধ্যে আত্মবিশ্বাস বৃদ্ধি পায় এবং তাদের চিন্তা-ভাবনা আরও প্রসারিত হয়। বিভিন্ন ধারণা ও চিন্তা বিনিময়ের ফলে সামাজিক ও বৌদ্ধিক উন্নতি ঘটে।

### ♦ বিশ্বনদী দিবস পালিত

পাবনায় ইয়ুথ এন্ডিং হাঙ্গার পাবনা জেলার উদ্যোগে বিশ্বনদী দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচি পালিত হয়েছে। ১৪ মার্চ ২০২৩ তারিখে পাবনা শহরের ইছামতি নদীর ওপর আয়োজিত অবস্থান কর্মসূচি পালিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সমন্বয়ক ও পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের ছাত্র আব্দুল কাদের নাহিদ। বক্তব্য রাখেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন পাবনা জেলা শাখার

সাধারণ সম্পাদক আব্দুল হামিদ খান, বাংলাদেশ নদী বাঁচাও আন্দোলন পাবনা জেলা শাখার সহ-সভাপতি মো. হাসান আলী।

## সফলতা

♦ **'সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় রুবেল বিশ্বাসের সাহসিক ভূমিকা'**

৫ আগস্ট গণঅভ্যুত্থানের পর রাজশাহীর বাঘার বিভিন্ন এলাকায় হিন্দু সম্প্রদায়ের বাড়ি-ঘরে হামলা ও লুটপাট চালায় দুর্বৃত্তরা, যার ফলে এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়। ৬ আগস্ট ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ বাঘা ইউনিটের সমন্বয়কের বাসা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে হামলার আশঙ্কা দেখা দেয়। এই সংকটময় পরিস্থিতিতে মনিগ্রাম ইউনিয়নের যুবদল নেতা রুবেল বিশ্বাস সক্রিয়ভাবে এগিয়ে আসেন এবং সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করতে কাজ শুরু করেন। রুবেল বিশ্বাস, সুফল কুমারসহ বাঘার অন্যান্য সংখ্যালঘুদের ওপর হামলা ও নির্যাতন প্রতিরোধে সাহসিকতার সঙ্গে কাজ করেন তিনি। ৫ আগস্ট থেকে তিনি সবসময় মাঠে উপস্থিত থেকে এলাকার বাসিন্দাদের অভয় দেন এবং তাদের পাশে দাঁড়িয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তার এই সাহসিকতার কারণে এলাকায় শান্তি বজায় থাকে এবং তিনি স্থানীয় জনগণের কাছে একজন সত্যিকারের নেতা হিসেবে পরিচিতি লাভ করেন।

# ময়মনসিংহ অঞ্চল

## সাংগঠনিক অবস্থান

মোট জেলা: ৫টি (ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও টাঙ্গাইল)
ময়মনসিংহ জেলা: মোট ইউনিটের সংখ্যা: ১০টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ২০০ জন (ময়মনসিংহ জেলার ইউনিট সদস্যসহ)
কিশোরগঞ্জ: ইউনিট ১৫টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ১৫০ জন
নেত্রকোণা: ইউনিট ৭টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৭০ জন
শেরপুর: ইউনিট ৫টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৬০ জন
টাঙ্গাইল: ইউনিট ৭টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৪০ জন
মোট ইউনিট: ৩৪টি
মোট সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৩২০ জন

## কার্যক্রমসমূহ

♦ ২০২৪ সালের উত্তরাঞ্চলের বন্যায় প্লাবিত হয়ে যাওয়া হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলার গ্রামসমূহে ইয়ুথ এন্ডিং হাঙ্গার ময়মনসিংহ অঞ্চলের পক্ষ থেকে শুকনা খাবার ও আশ্রয় কেন্দ্রে অবস্থান করা ১০০ জনের মাঝে রান্না করা খাবার পরিবেশন করা হয়।

♦ শেরপুর জেলা ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর আয়োজনে ক্যাম্পাসে বিভিন্ন শিক্ষার্থীদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড ও ক্যাম্পাসের সৌন্দর্য্য বৃদ্ধি করার লক্ষ্যে শোভা বর্ধনকারী প্রায় দু শতাধিক বিভিন্ন ফুলের গাছ রোপণ-সহ বিভিন্ন গাছ রোপণ করা হয়।

♦ ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলায় ইয়ুথ সদস্যরা জুলাই গণঅভ্যুত্থানে সক্রিয় অংশগ্রহণ করে এবং নেতৃত্ব প্রদান করেন।

# কুমিল্লা অঞ্চল

## সাংগঠনিক অবস্থান

মোট সাংগঠনিক জেলা: ৫টি (কুমিল্লা, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, চাঁদপুর)
মোট ইউনিট: ৩৬টি
মোট সক্রিয় সদস্য: ৬৫০ জন (নারী: ২০০ জন; এবং পুরুষ: ৪৫০ জন)

## কার্যক্রমসমূহ

### নোয়াখালীতে ভোটার সচেতনতা ও নাগরিক সক্রিয়তা কার্যক্রম বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত



নোয়াখালীতে ভোটার সচেতনতা ও নাগরিক সক্রিয়তা কার্যক্রম বিষয়ক স্থানীয় যুব প্রতিনিধিদের সঙ্গে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ১৭ অক্টোবর ২০২৩ তারিখে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান ড. মো. জিয়াউল হক।



সভাটি পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন। সভাটি সমন্বয় করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার নোয়াখালী জেলা ফোরাম সমন্বয়কারী হাসিব আল আমিন। সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। সভা শেষ পর্যায়ে পরবর্তী তিনমাসের কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়।

## ফেনী, লক্ষীপুর ও লাকসামে ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ



ফেনীতে দুইদিনব্যাপী ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে শহরের মিজান রোডের বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক স্কুল মিলনায়তনে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে নেতৃত্বের গুণাবলি ও সামাজিক দায়বদ্ধতা-সহ নানান বিষয়ে আলোচনা হয়।

২৫ ডিসেম্বর তারিখে প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দৈনিক ফেনীর সময়ের সম্পাদক ও সুজন–সুশাসনের জন্য নাগরিক ফেনী জেলা কমিটির সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহাদাত হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফেনী ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ডের সদস্য সচিব ডা. তবারক উল্লাহ বায়েজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালেরকণ্ঠ ফেনী জেলা প্রতিনিধি আসাদুজ্জামান দারা, জেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোরশেদ হোসেন, দি হাঙ্গার প্রজেক্ট-এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার শশাঙ্ক বরণ রায়, আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন, ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের জাতীয় সমন্বয়কারী আরশী হোড়। এ সময় আরও উপস্থিত ছিলেন মানবজমিনের ফেনী প্রতিনিধি নাজমুল হক শামীম, সুজন ফেনী পৌর কমিটির সভাপতি জাহিদ হোসেন বাবলু এবং নির্বাচনী সহিংসতা পর্যবেক্ষণ টিমের জেলা শাখার সদস্য সচিব আমজাদ হোসেন রুবেল।

প্রশিক্ষণপ্রাপ্তদের থেকে মতামত ব্যক্ত করেন জান্নাতুল নাইম আদ্রিকা, শহীদুল ইসলাম ও মোজাফফর। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত ২৫ জনের হাতে সনদ তুলে দেন অতিথিবৃন্দ।




এছাড়া ১২-১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে লক্ষীপুর শহরের জেমস হলরুমে, ২৯-৩১ ডিসেম্বর ২০২২ তারিখে লাকসাম গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে তিনদিনব্যাপী ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

## গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড-২০২২ অনুষ্ঠিত




ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে লাকসাম গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে অনুষ্ঠিত হলো মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড-২০২২। ২৮ ডিসেম্বর ২০২২ তারিখে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠিত এ অলিম্পিয়াডে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাকসাম উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেক দয়াল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ রণজিত চন্দ্র দাস। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন, সুজন লাকসাম উপজেলা কমিটির সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম শাহীন, গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোহাম্মদ আলী মজুমদার, সিনিয়র শিক্ষক মাহবুবা আক্তার এবং বকুল রাণী নন্দী। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার কুমিল্লা জেলা ফোরামের যুগ্ম-সমন্বয়কারী সায়মা আফরিন চৈতি।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে মুক্তিযুদ্ধের ইতিহাস ও প্রাসঙ্গিক বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং উপস্থিত শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানের শেষভাগে মুক্তিযুদ্ধ অলিম্পিয়াডে কলেজ ও স্কুল পর্যায়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয়দের মাঝে ক্রেস্ট্র ও সনদ বিতরণ করা হয়।

## বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কুইজ প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত




লক্ষীপুরে ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের আয়োজনে ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কুইজ প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ৯ জুন ২০২৪ তারিখে সদর উপজেলার

লাহারকান্দি উচ্চ বিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংগঠনের জেলা সমন্বয়ক হুসাইন মুহাম্মাদ রাসেলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ইংরেজি বিভাগের সহকারী শিক্ষক মো. জাকির হোসেন-সহ অন্যান্য শিক্ষকবৃন্দ। এসময় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের কুমিল্লা আঞ্চলিক সমন্বয়কারী মো. ইসমাইল খান সুজন। আলোচনা সভা শেষে কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

### ত্রাণ বিতরণ ও বন্যা পরবর্তী সহায়তা কার্যক্রমে ইয়ুথ লিডারদের অনন্য ভূমিকা



২০২৪-এর আকস্মিক বন্যায় ভেসে যায় দেশের দক্ষিণ পূর্বাঞ্চল। লক্ষ্মীপুরেও প্রায় দু সপ্তাহ স্থায়ী হয় এ বন্যা। এ সময় লক্ষ্মীপুরের সাবেক এবং বর্তমান ইয়ুথ লিডাররা বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের সহযোগিতায় নিয়োজিত ছিলেন। ত্রাণ বিতরণ, উদ্ধার কার্যক্রম, সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা, বন্যা পরবর্তী সহায়তা ইত্যাদি কাজগুলো একনিষ্ঠভাবে সম্পন্ন করেন ইয়ুথ লিডাররা। এ কাজে একনিষ্ঠভাবে শ্রম দিয়েছেন সাবেক জাতীয় ফোরাম সদস্য রাজীব হোসেন রাজু, সাবেক জেলা ফোরামের সমন্বয়কারী সৈয়দ নূর হোসেন ফাহাদ, সাবেক সদস্য জাহিদ হাসান তুহিন বর্তমান জেলা ফোরামের সমন্বয়কারী হুসাইন মুহাম্মাদ রাসেল, জয়েন্ট সমন্বয়কারী মোঃ রেদওয়ান হোসাইন রিমন, সাংগঠনিক সম্পাদক আবু সালেহ রুবায়েদ সহ অন্যান্য ইয়ুথরা। ইয়ুথদের এমন কাজ জেলাব্যাপী ব্যাপক সাড়া জাগিয়েছিলো।

### ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটে নাগরিকত্ব বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

২৪ অক্টোবর ২০২৪ তারিখে ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়ে গেল নাগরিকত্ব বিষয়ক কর্মশালা। ইয়ুথ এন্ডিং হাঙ্গার ফেনী জেলা ফোরামের সহযোগিতায় এবং ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালাটি উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যাপক জি এম তাজ উদ্দীন ও প্রকৌশলী আখতারুজ্জামান। অনুষ্ঠানে নাগরিকের অধিকার, দায়িত্ব ও কর্তব্য এবং নতুন ভোটারদের দায়িত্ব সম্পর্কে আলোচনা হয়। কর্মশালায় দুটি গ্রুপে ৪৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

### ইয়ুথ এন্ডিং হাঙ্গার আঞ্চলিক ফোরাম পনর্গঠন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের কুমিল্লা আঞ্চলিক ফোরামের নতুন নেতৃত্ব গঠিত হয়েছে। ২২ ডিসেম্বর ২০২৩ তারিখে ফেনী শহরে সংগঠনের কার্যালয়ে কুমিল্লা আঞ্চলিক ফোরাম পুর্নগঠন ও পরিকল্পনা সভায় এ নতুন নেতৃত্ব গঠিত হয়। এতে হুসাইন মুহাম্মাদ রাসেলকে সমন্বয়কারী এবং সামিয়া নুর রিপা ও তাসনিম সায়মাকে যুগ্ম সমন্বয়কারী করে ১১ সদস্যবিশিষ্ট নতুন আঞ্চলিক কমিটি গঠন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সুজন–সুশাসনের জন্য নাগরিক-এর ফেনী জেলা কমিটির সাধারণ সম্পাদক মো. শাহাদাত হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মোরশেদ হোসেন, দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন, বিদায়ী আঞ্চলিক ফোরামের সমন্বয়কারী মো. ইসমাইল খান সুজন প্রমুখ।

## খুলনা অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

- ♦ মোট সাংগঠনিক জেলা: ৩ টি (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট)
- ♦ কোর ইউনিট: ৯ টি
- ♦ সোশ্যাল হারমনি ইউনিট: ২ টি (বাগেরহাটে ২ টি)
- ♦ কোর ইউনিটের সদস্য: ১৮০ জন সক্রিয় সদস্য (৮০ পুরুষ, ১০০ নারী)
- ♦ অঞ্চলের মোট সদস্য: ৩২০ জন (১৪৫ পুরুষ, ১৭৫ নারী)

### কার্যক্রমসমূহ

#### স্বাস্থ্য সুরক্ষা সচেতনতামুলক ক্যাম্পেইন-২০২৩



২৩ ডিসেম্বর ২০২৩ তারিখে খুলনার তরুণদের আয়োজনে শহরের নতুন বাজার এলাকায় শিশুদের স্বাস্থ্য সুরক্ষা ক্যাম্পেইনের আয়োজন করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ। উক্ত ক্যাম্পেইনটি

স্থানীয় ৫০'র অধিক সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে পরিচালিত হয়। এতে শুভ স্পর্শ অশুভ স্পর্শ, জাতীয় জরুরি নাম্বার, সঠিকভাবে হাত ধোয়ার নিয়ম, কেটে যাওয়া ও পুড়ে যাওয়ার প্রাথমিক প্রতিবিধান নিয়ে আলোচনা করা হয়। ক্যাম্পেইন শেষে কুইজের আয়োজন করা হয়। সম্পূর্ণ ক্যাম্পেইন উদ্‌যাপনের জন্য তরুণদের নিজস্ব তহবিলে পিঠা উৎসবের আয়োজন করা হয়।

### সফলতা

#### ♦ নাগরিকত্ব কর্মশালা ২০২৪

১১ মার্চ ২০২৪ তারিখে খুলনার তরুণদের নিয়ে নাগরিকত্ব কর্মশালার আয়োজন করা হয়। দি হাঙ্গার প্রজেক্ট খুলনা আঞ্চলিক কার্যালয়ে আয়োজিত এই কর্মশালার মাধ্যমে তরুণদের আত্মোপলব্ধির জায়গা আরও মসৃণ হয়। কর্মশালায় উপস্থিত ২০ জনের অধিক অংশগ্রহণকারী মৌলিক অধিকার ও মৌলিক চাহিদার পার্থক্য বুঝতে সক্ষম হন। এছাড়াও নাগরিকের দায়িত্ব, কর্তব্য ও একজন সক্রিয় নাগরিক সমাজের কোথায় কোথায় ভূমিকা রাখতে পারেন এমন বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। কর্মশালায় উপস্থিত অনেকেই মন্তব্য করেন যে, 'সক্রিয় নাগরিকের ভূমিকা যে এত গুরুত্বপূর্ণ তারা এর আগে এভাবে কখনোই ভাবেনি।'

#### ♦ জুলাই গণঅভ্যুত্থান



জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি সবারই জানা। এই আন্দোলনে খুলনার তরুণরা সক্রিয় ভূমিকা রেখেছিল খুলনার আন্দোলনে। ৫ আগস্ট পরবর্তী সময়ে আন্দোলনের স্মৃতি ধারণ করার জন্য বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের দেয়াল অঙ্কন করেন ইয়ুথ লিডাররা।

#### ♦ মুক্তিযোদ্ধার মুখে মুক্তিযুদ্ধের গল্প

মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষে ১৬ ডিসেম্বর তারিখে খুলনা শহীদ হাদিস পার্কে মুক্তিযোদ্ধার মুখ থেকে মুক্তিযুদ্ধের গল্প শোনার আয়োজন করে খুলনার ইয়ুথ লিডাররা। উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মো. ইমদাদ আলী। মুক্তিযুদ্ধের লোমহর্ষক বর্ণনা ও মুক্তিযোদ্ধাদের অবদান শুনে মুক্তিযোদ্ধাদের প্রতি কৃতজ্ঞতা বেড়ে যায় ইয়ুথ লিডারদের। তারা দেশপ্রেমে দারুণভাবে উজ্জীবিত হয়ে ওঠেন। মুক্তিযুদ্ধের অনেক অজানা তথ্যও জানতে পারেন তারা। উক্ত আয়োজন শেষে তরুণরা বীর মুক্তিযোদ্ধা মো. ইমদাদ আলীকে শুভেচ্ছা উপহার প্রদান করেন।

## চট্টগ্রাম অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

♦ মোট সাংগঠনিক জেলা: ৬টি (চট্টগ্রাম, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়)

♦ উপজেলা ফোরাম: ১টি (সীতাকুন্ড উপজেলা, চট্টগ্রাম)

♦ কোর ইউনিট: ১৭টি

♦ সোশ্যাল হারমনি ইউনিট: ৮টি (চট্টগ্রাম ৪টি, কক্সবাজার ৪টি)

♦ কোর ইউনিটের সদস্য: ৪৯৫ জন সক্রিয় সদস্য (৩০০ পুরুষ, ১৯৫ নারী)

♦ অঞ্চলের মোট সদস্য: ৬০০ জন (৩৭৫ পুরুষ, ২২৫ নারী)

### কার্যক্রমসমূহ

♦ 'দিনে অন্তত একটি ভালো কাজ করব' শিরোনামে কক্সবাজার জেলায় এক মাসব্যাপী আয়োজিত ফটোগ্রাফি কনটেস্ট।

♦ ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার আয়োজিত আঞ্চলিক ভাষা চর্চা প্রতিযোগিতা-২০২৩ কক্সবাজারের অংশগ্রহণ এবং পুরস্কার প্রাপ্তি।

♦ ২টি প্রত্যাশা, প্রতিশ্রুতি ও কার্যক্রম (VACW) অনুষ্ঠিত হয়। প্রথমটি অনুষ্ঠিত হয় ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে, চট্টগ্রামে অবস্থিত সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশে। অন্যটি অনুষ্ঠিত হয় ১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে রবিস ম্যাথে।

♦ দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর আয়োজনে কক্সবাজার কমার্স কলেজে অনুষ্ঠিত হয় গণতন্ত্র অলিম্পিয়াড। এতে উপজেলার ছয়টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রায় ৩০০শ' শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। এছাড়া সর্বোচ্চ নাম্বারধারী দশজনের মাঝে সাতজনকে মেডেল ও প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদেরকে ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হয়। এই উদ্যোগের ফলে অংশগ্রহণকারীগণ গণতন্ত্র, সংবিধান, আইন-কানুন, নির্বাচনী প্রক্রিয়া, নাগরিক অধিকার ও নাগরিকদের দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি বিষয় সম্পর্কে সচেতন হয়।

♦ ১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষে চট্টগ্রাম ষোলশহর সংলগ্ন বস্তির শিশুদের মাঝে খাবার এবং বই বিতরণ।

♦ ২৮ জানুয়ারি ২০২৪ তারিখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চত্বরে ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর এর অন্যতম সক্রিয় সোশ্যাল হারমনি ইউনিট 'সমান্তরাল'-এর উদ্যোগে 'কুয়াশা উৎসব'-এর আয়োজন করা হয়। এতে বাঙালি পিঠা এবং চাকমা, মারমা, রাখাইন, গারো বন্ধুদের ঐতিহ্যবাহী খাবার ও পিঠা প্রদর্শিত হয়। কুয়াশা উৎসব চট্টগ্রাম বিশ্ববিদ্যায়ের ৫০ এর অধিক নবীন উদ্যোক্তাদের অনুপ্রাণিত করে। তাছাড়া দুপুর থেকে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং একটি সম্প্রীতির র‍্যাম্প ওয়াক হয়, যেখানে বাংলাদেশের বিভিন্ন ধর্ম, বর্ণ ও জাত নির্বিশেষে সবার সংস্কৃতির মেলবন্ধন হয়। এই আয়োজনকে আনন্দঘন করতে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যায়ে উপ-উপাচার্য বেনু কুমার দে। কুয়াশা উৎসব

সফল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন সমান্তরাল ইউনিটের সমন্বয়কারী আরমান সাকিব।

♦ চট্টগ্রামের সুখ্যাত বিসিএস কোচিং সেন্টার 'রবিস ম্যাথ' এর সঙ্গে কাজ করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার। ০২-০৪ এপ্রিল ২০২৩ তারিখে যৌথ উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আয়োজন করা হয় 'ক্যারিয়ার কাউন্সেলিং ক্যাম্পেইন'। ক্যাম্পেইনের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের মধ্যে ক্যারিয়ার সচেতনতা গড়ে তোলা। শিক্ষার্থীদের জন্য একটি মডেল টেস্টের আয়োজন করা হয়। পরপর দুদিন ছয়জন বিজয়ীকে রবি'স ম্যাথের প্রতিষ্ঠাতা রবিউল হোসাইন রবি'র স্বলিখিত 'বিসিএস প্রস্তুতিমূলক ৩০০ ঞড়ঢ়রপং' বইটি পুরস্কার হিসেবে দেওয়া হয়।

## স্যাপ এর কাজসমূহ

♦ **জীবনবন্ধু:** কক্সবাজার জেলা সদর 'জীবন বন্ধু' SAP এর নেতৃত্বে কক্সবাজারের সকল ইয়ুথ লিডার এবং তরুণদের সহযোগিতা, অভিভাবক ও এলাকাবাসীর উপস্থিতিতে 'লিঙ্গ বৈষম্য দূরীকরণ ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে নাগরিকদের করণীয়' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

♦ **ডাটামনি:** ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণের মাধ্যমে একঝাঁক উদ্যমী তরুণ-তরুণীর নিয়ে গঠিত হয় স্যাপটি। তারা চায় সমাজের সম্প্রীতি রক্ষায় এগিয়ে আসতে। গুজব, তথ্যের অপপ্রচার, ইত্যাদি রুখে দিতে এবং সঠিক তথ্য সবার সামনে উপস্থাপন করতে তারা সর্বদা সংকল্পবদ্ধ। স্যাপ গঠনের পর ফলোআপ মিটিং এর মাধ্যমে তারা নিজেদের দায়িত্ব বুঝে নিয়ে তা বাস্তবায়ন করতে বদ্ধ পরিকর। ইতোমধ্যে তারা তাদের ধারাবাহিক কাজের অংশ হিসেবে সোশ্যাল হারমনি কর্মশালা আয়োজন করে এবং অনলাইনে তথ্য অপপ্রচারের বিরুদ্ধে সবাইকে সচেতন করে যাচ্ছে।

♦ **দিকদর্শন:** ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে গঠিত হয় দিকদর্শন স্যাপটি। তারা অর্থনৈতিক ও সামাজিক সম্প্রীতি রক্ষায় সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও বার্তা প্রকাশ, স্কুল সেশন, প্রশিক্ষণ, কর্মশালা ও রিসোর্সপার্সনদের কানেক্ট করার মাধ্যমে গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উক্ত স্যাপ গঠনের পর ফলোআপ সভার মাধ্যমে তাঁরা নিজেদের দায়িত্ব বুঝে নিয়ে তা বাস্তবায়ন করতে বদ্ধপরিকর। ইতোমধ্যে তাঁরা তাঁদের ধারাবাহিক কাজের অংশ হিসেবে সামাজিক সম্প্রীতি কর্মশালা আয়োজন করেন এবং অনলাইনে ভুল ও অপতথ্য প্রচারের বিরুদ্ধে সবাইকে সচেতন করে যাচ্ছেন।

♦ **পায়রা:** সামাজিক সম্প্রীতি সুরক্ষা ও সচেতনতা বৃদ্ধিতে প্রজনন স্বাস্থ্য বিষয়ক এক সেমিনারের আয়োজন করেছে 'পায়রা'। ৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্টেশন পল্লীতে উক্ত সেমিনার অনুষ্ঠিত হয়। পায়রা প্রকল্পের সমন্বয়কারী সাকিব আহমেদ-এর সঞ্চালনার মধ্য দিয়ে সেমিনারের কার্যক্রম শুরু হয়। ইয়ুথ লিডার আয়েশা সিদ্দিকা ১২ থেকে ১৮ বছর বয়সী মেয়ে এবং তাঁদের মায়েদের উদ্দেশ্যে প্রজনন স্বাস্থ্য বিষয়ক জটিলতা ও সমাধান, স্যানিটেশন, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসুরক্ষা, বাল্যবিবাহ-সহ নানাবিধ বিষয় নিয়ে আলোচনা করেন। নারী শিক্ষা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন ইয়ুথ লিডার সাকিব আহমেদ।

♦ **মাই ইকো-বিন:** চট্টগ্রাম জেলার একটি সামাজিক উদ্যোগ (স্যাপ) 'মাই ইকো-বিন'-এর উদ্যোগে 'An Honest Promise to End Ecocide' এই শিরোনামে পরিবেশ দূষণ বিরোধী ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।




১৫ জানুয়ারি ২০২৩ তারিখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে উক্ত ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইন চলাকালে পরিবেশ বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্যে 'Say No to Waste', 'Zero Pollution', 'মাই ইকো-বিন ব্যবহার করি, পরিবেশ দূষণ রোধ করি', ইত্যাদি প্ল্যাকার্ড প্রদর্শন করা হয়। উক্ত ক্যাম্পেইনের মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রায় পাঁচ শতাধিক শিক্ষার্থীর মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয় এবং উপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ২৭ জন 'ওয়েস্ট বিন' কিনেন।


২২ জানুয়ারি ২০২৩ তারিখে মাই ইকো-বিনের দ্বিতীয় কার্যক্রম অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সম্মিলিত সাংস্কৃতিক জোট এর পিঠা উৎসবে দর্শনার্থীদের পরিচ্ছন্ন পরিবেশে উৎসবটি উপভোগ করানোর এবং ক্যাম্পাস পরিষ্কার রাখার উদ্দেশ্যে ইকোবিন এর পক্ষ থেকে প্রতিটি পিঠা-স্টলে ১টি করে মোট ৫টি ওয়েস্ট বিন প্রদান করা হয়।

## সফলতা

### বর্ণমালা ইশকুল

২০১৫ সালে ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ সম্পন্ন করে একঝাঁক তরুণ। তাঁরা গ্রহণ করে একটি সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট 'বর্ণমালা ইশকুল'। যার মূল লক্ষ্য ছিল বস্তির শিশুদের পড়ানো। বস্তির শিশুদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রদান, বিভিন্ন সৃজনশীল প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে তাদের সৃজনশীলতা বৃদ্ধি, অন্যান্য শিক্ষামূলক কাজের সঙ্গে শিশু ও তাদের পরিবারের সংশ্লিষ্টতা ইত্যাদি কার্যক্রম নিয়ে বর্ণমালা ইশকুল কাজ শুরু করে। এর প্রতিষ্ঠাতা ছিলেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ চট্টগ্রাম অঞ্চলের ইয়ুথ লিডার এবং সাবেক আঞ্চলিক সমন্বয়কারী রাফিউ আহমেদ এবং তাঁর দল।

সেই ২০১৫ থেকে আজ ২০২৫ পর্যন্ত প্রায় দশ বছরের বেশি সময় ধরে বর্ণমালা ইশকুল চট্টগ্রামের দেবপাহাড় বস্তিতে শিশুদের পড়ানোর কাজ করে যাচ্ছে। ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের সক্রিয় স্যাপগুলোর মধ্যে অন্যতম 'বর্ণমালা ইশকুল'।







## ঢাকা অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

♦ মোট জেলা: ৫টি; মোট ইউনিট: ১৮টি; মোট সক্রিয় ইয়ুথ: ২৮১ জন

♦ ঢাকা জেলা: ইউনিট ৪টি; সক্রিয় সদস্য: ৯০ জন

♦ মানিকগঞ্জ জেলা: ইউনিট ৫টি; সক্রিয় সদস্য: ৫০ জন

♦ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাংগঠনিক জেলা: ইউনিট ৩টি; সক্রিয় সদস্য: ৫৬ জন

♦ নারায়ণগঞ্জ জেলা: ইউনিট ৫টি; সক্রিয় সদস্য: ৭৫ জন

♦ নরসিংদী ইউনিট: ইউনিট ১টি; সক্রিয় সদস্য: ১০ জন

### কার্যক্রমসমূহ

♦ **গণতন্ত্র অলিম্পিয়াড:** প্রায় ৪০০ শিক্ষার্থীর অংশগ্রহণে ২০২৪ সালের জানুয়ারিতে মানিকগঞ্জে গণতন্ত্র অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে।



মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজের বিজ্ঞান ভবনে আয়োজিত উক্ত অলিম্পিয়াডে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সুজন–সুশাসনের জন্য নাগরিকের কেন্দ্রীয় সমন্বয়কারী দিলীপ কুমার সরকার। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ রনজিৎ কুমার সরকার, সুজন জেলা কমিটির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম বিশ্বাস, দিঘী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখতার উদ্দিন আহামেদ রাজা প্রমুখ। সরকারি দেবেন্দ্র কলেজ, সরকারি মহিলা কলেজ এবং খানবাহাদুর আওলাদ হোসেন খান কলেজের ১৯৬ শিক্ষার্থী অলিম্পিয়াডে অংশ নেন। অনুষ্ঠানের শেষভাবে অংশগ্রহণকারীদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়।



এছাড়া ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে নারায়ণগঞ্জের ক্যামব্রিয়ান স্কুল অ্যান্ড কলেজেও একটি গণতন্ত্র অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। এতে স্বেচ্ছাসেবী হিসেবে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন ইউনিটের সদস্যরা অংশগ্রহণ করেন।

♦ **পাঠচক্র:** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আকিজ কলেজ অব হোম ইকোনমিক্স ইউনিটের ইয়ুথ লিডাররা একটি পাঠচক্রের আয়োজন করেছে।



পাঠচক্রের জন্য বই ছিল 'ইন্দুবালা ভাতের হোটেল'। পাঠচক্রে ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এছাড়া ২৩ মার্চ ২০২৪ তারিখে রাজধানীর চন্দ্রিমা উদ্যানে একটি বিশেষ পাঠচক্রের আয়োজন করা হয়। উক্ত পাঠচক্রে হুমায়ুন আহমেদের জনপ্রিয় বই 'রূপা' নিয়ে আলোচনা করা হয়। অক্টোবরে 'বিশ্ব রাজনীতির ১০০ বছর' বইয়ের ওপর পাঠচক্রের আয়োজন করা হয়। এসব পাঠচক্রের

উদ্দেশ্য হলো: সাহিত্যপ্রেমীদের মধ্যে পড়াশোনার অভ্যাস তৈরি করা, সাহিত্যকে নতুন আলোকে অনুধাবন করা এবং একে অপরের চিন্তা-ভাবনা বিনিময়ের মাধ্যমে সমৃদ্ধ হওয়া। উল্লেখ্য, ইয়ুথদের মধ্যে সৃজনশীলতা এবং পাঠাভ্যাস বৃদ্ধির লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলা বিভিন্ন সময় পাঠচক্রের আয়োজন করে থাকে। বিভিন্ন ইউনিটের সক্রিয় সদস্যরা এসব পাঠচক্রে অংশগ্রহণ করে থাকেন।



## বিভিন্ন কর্মশালা




♦ ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট থেকে 'Awareness Building Workshop on Mental Health' এর আয়োজন করা হয়, যা শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বাড়াতে ভূমিকা রাখে।

♦ নির্মল বায়ু এবং নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে দ্য আর্থ সোসাইটি ইয়ুথ ফর কেয়ার প্লাটফর্মের উদ্যোগে এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের সহযোগিতায় ২০২৩ সালের ২৬ জানুয়ারি এবং ১৬ নভেম্বর তারিখে দুটি কর্মশালার আয়োজন করা হয়।

♦ ইইউর অর্থায়নে ও দি হাঙ্গার প্রজেক্ট-এর সহায়তায় ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার উদ্যোগে ১৪টি নাগরিকত্ব বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়।




♦ প্রজনন স্বাস্থ্য বিষয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর নারীদের সচেতন করার লক্ষ্যে ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর উদ্যোগে প্রজনন স্বাস্থ্য বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। ২০২৩ সালের ২৫ ডিসেম্বর তারিখে নারায়ণগঞ্জ জেলা আদমজী সুমিলপাড়া ইউনিয়নের বিহারী পল্লীতে উক্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

## বৃক্ষরোপণ কর্মসূচি



♦ ২০২৪ সালের জুন মাসে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট থেকে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হয়।

♦ ৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে 'বৃক্ষ বাঁচলে বাঁচবো আমরা'– স্লোগানকে সামনে রেখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন জায়গায় 'ইয়ুথ এন্ডিং হাঙ্গার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ ইউনিট)' এর একদল স্বেচ্ছাব্রতী নেতৃত্ব বৃক্ষরোপণ কর্মসূচি সফলতার সঙ্গে সম্পন্ন করেছে।

♦ ২০২৩ সালের জুনে মানিকগঞ্জের ভাটবাউর ওয়ার্ড ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের সদস্যদের নিয়ে পুরো এলাকাজুড়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়।

♦ এ ধরিত্রীকে বাসযোগ্য রাখার দায়িত্ব এ প্রজন্মের তরুণদের। ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার তরুণ-তরুণীরাও এই সত্য অনুধাবন করে। তাই বৈশ্বিক উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব রোধে তাঁরা কাজ করে যাচ্ছেন। এ কাজের অংশ হিসেবে ২০২৩ ও ২০২৪ সালের বর্ষা মৌসুমে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়। ২০২৩ সালের ১০ জুন তারিখে নারায়ণগঞ্জ জেলার আদমজীতে অবস্থিত সফুরা খাতুন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ, সংরক্ষিত মহিলা কাউন্সিলর মনোয়ারা বেগমের উঠানে এবং ২০২৪ সালে নারায়ণগঞ্জ জেলার আদমজীতে অবস্থিত অ্যাক্টিভ হাইস্কুল প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হয়।



## শীতবস্ত্র বিতরণ কর্মসূচি



♦ ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে ন্যাশনাল কলেজ অব হোম ইকোনমিক্স ইউনিটের পক্ষ থেকে দরিদ্র ও শীতার্ত মানুষের জন্য একটি শীতবস্ত্র বিতরণ কর্মসূচি আয়োজন করা হয়। এই উদ্যোগের মূল লক্ষ্য ছিল সমাজের সুবিধাবঞ্চিত মানুষের শীতের কষ্ট কিছুটা হলেও লাঘব করা। ইউনিটের সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন এবং সকলের সক্রিয় অংশগ্রহণ ও দায়িত্বশীলতার মাধ্যমে অনেকগুলো মানুষের মাঝে কম্বল ও শীতবস্ত্র বিতরণ করতে সক্ষম হন ইয়ুথ লিডাররা।

♦ সমাজের সুবিধাবঞ্চিত মানুষদের পাশে যথাসাধ্য থাকার চেষ্টা করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলা। সুবিধাবঞ্চিত শীতার্ত মানুষদের মাঝে একটু উষ্ণতার পরশ ছড়িয়ে দিতে ২০২৩ ও ২০২৪ সালে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার উদ্যোগে শীতবস্ত্র বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। ২০২৩ সালে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ শাহী শাহ মাজার রোড এলাকায় এবং ২০২৪ সালে নারায়ণগঞ্জ সাইনবোর্ড ওভারব্রিজ থেকে চিটাগাং রোড পর্যন্ত পথের পাশে শুয়ে থাকা ছিন্নমূল মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।



## অন্যান্য

♦ অনলাইনে সচেতনতামূলক প্রচারণার মাধ্যমে ডেঙ্গুর পরিবর্তিত ভ্যারিয়েন্ট, ধরন, লক্ষণ, প্রতিরোধের উপায় এসব নিয়ে সাধারণ জনগণকে সচেতন করছেন ইয়ুথ লিডাররা। ২৮ জুলাই ২০২৩ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় ইয়ুথ লিডাররা ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট লাগিয়ে দেয়।

♦ 'পরিযায়ী পাখির নিরাপদ বিচরণ নিশ্চিতকল্পে' প্রচারণা অভিযান ও পোস্টারিং কর্মসূচি পালন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদ ইউনিট এবং উদ্দীপ্ত ইউনিটের সদস্যরা। ১৮ জানুয়ারি ২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বার সংলগ্ন জায়গা, ট্রান্সপোর্ট চত্বর, সমাজবিজ্ঞান অনুষদ, টিএসসি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন জনসংযোগপূর্ণ এলাকায় প্রচারণা চালান তাঁরা।

♦ মানিকগঞ্জের ভাটবাউর এলাকায় ভাটবাউর ইউনিটের সদস্যরা স্বাস্থ্যকর্মীদের সহায়তায় বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়ের কার্যক্রম পরিচালনা করেন। ২০২৩ সালের জুলাই মাসে পরিচালিত এ কার্যক্রমে প্রায় ১০০ জন মানুষের রক্তের গ্রুপ বিনামূল্যে নির্ণয় করা হয়।



♦ দেশের সকল আঞ্চলিক ভাষা ও আদিবাসী জনগোষ্ঠীর মাতৃভাষাকে যথাযথ মর্যাদা জানানো এবং এর বহুবিধ চর্চাকে উৎসাহিত করতে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে সামনে রেখে আঞ্চলিক ভাষা চর্চা প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতাকে দুটি শাখায় বিভক্ত করা হয়। দেশের বিভিন্ন অঞ্চলে প্রচলিত আঞ্চলিক ভাষাসমূহকে নিয়ে ক শাখা এবং আদিবাসী সম্প্রদায়ের মাতৃভাষা নিয়ে খ শাখা। প্রতিটি শাখাতেই ছিল তিনটি করে ক্যাটাগরি– গান, অভিনয় ও আবৃত্তি। পুরো ফেব্রুয়ারি মাসজুড়ে বিভিন্ন অঞ্চলের প্রতিযোগীরা গান, আবৃত্তি ও অভিনয়ের ভিডিও করে আয়োজকদের পাঠান। পরে প্রতিটি ক্যাটাগরিতে সেরা তিনজনকে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলার পক্ষ থেকে পুরস্কৃত করা হয়।

♦ জাতীয় যুব দিবস উপলক্ষে ২০২৩ সালের ১ নভেম্বর তারিখে ইয়ুথ এন্ডিং হাঙ্গার নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে একটি সাইকেল র‍্যালির আয়োজন করা হয় এই সাইকেল র‍্যালির অর্থায়নে ছিল দ্য আর্থ সোসাইটি এবং সার্বিক সহযোগিতায় ছিল দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ।



# বরিশাল অঞ্চল

## পটুয়াখালী জেলা

মোট জেলা: ৬ টি (বরিশাল, ঝালকাঠি, বরগুনা, ভোলা, পটুয়াখালী, বরিশাল বিশ্ববিদ্যালয় )
যশোর জেলা: ইউনিট - ৩৩ টি
ইয়ুথ সংখ্যা - ৯৪৩ জন (নারী -  জন এবং পুরুষ - ৪০৬ জন)
ঝালকাঠি জেলা: ইউনিট - ২৩ টি
ইয়ুথ সংখ্যা - ৪৪৫ জন (নারী - ২০৪ জন এবং পুরুষ - ২৪১ জন)
বরগুনা জেলা: ইউনিট সংখ্যা - ৮ টি
ইয়ুথ সংখ্যা - ২১৩ জন (নারী - ৮৯ জন এবং পুরুষ - ১২৪ জন)
ভোলা জেলা: ইউনিট - ৫ টি
ইয়ুথ সংখ্যা - ১৫০ জন (নারী - ৬০ জন এবং পুরুষ - ৯০ জন)
পটুয়াখালী জেলা: ইউনিট - ৫ টি
ইয়ুথ সংখ্যা - ১৩৮ জন (নারী - ৬৮ জন এবং পুরুষ - ৭০ জন)
বরিশাল বিশ্ববিদ্যালয় জেলা: ইউনিট - ৫ টি
ইয়ুথ সংখ্যা - ২৩৮ জন (নারী - ১০৭ জন এবং পুরুষ - ১৩১ জন)

## কার্যক্রমসমূহ

### ♦ ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ

বিএমজেড (ইগত) প্রকল্পের আওতায় বরিশাল জেলায় আটটি ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রত্যেকটি প্রশিক্ষণে মোট ৩০ জন করে মোট ২৪০ জন শিক্ষার্থী (৯৮ জন নারী ও ১৪২ জন পুরুষ) অংশগ্রহণ করেন। বরিশালের বাবুগঞ্জ উপজেলার ছয়টি ইউনিয়ন যথাক্রমে জাহাঙ্গীরনগর ইউনিয়ন, কেদারপুর ইউনিয়ন, দেহেরগতি ইউনিয়ন, চাঁদপাশা ইউনিয়ন, রহমতপুর ইউনিয়ন, মাধবপাশা ইউনিয়ন এবং আগৈলঝাড়া উপজেলার বাকাল ও রাজিহার ইউনিয়নে উক্ত প্রশিক্ষণগুলো অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণগুলোর মাধ্যমে মোট ১৬টি সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট গৃহীত হয়, যেগুলো এখন চলমান রয়েছে।




এছাড়া ২১-২৩ ডিসেম্বর ২০২২ তারিখে ঝালকাঠিতে একটি, ফোর্ব সোশ্যাল হরমোনি প্রকল্পের আওতায় বরিশাল জেলায় চারটি এবং NED প্রকল্পের আওতায় বরগুনা ও ঝালকাঠিতে দুটি করে মোট চারটি ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



### ♦ 'প্রত্যাশা প্রতিশ্রুতি ও কার্যক্রম' শীর্ষক কর্মশালা



বরিশাল অঞ্চলের ছয়টি জেলায় ৪ ডিসেম্বর ২০২২ থেকে ২০ জানুয়ারি ২০২৫ পর্যন্ত বিভিন্ন ইউনিট ও ফোরামের আয়োজনে সর্বমোট ৭৬টি 'প্রত্যাশা, প্রতিশ্রুতি ও কার্যক্রম' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। যেখানে প্রত্যেকটিতে গড়ে ২৭ জন করে তরুণ-তরুণী অংশগ্রহণ করেন। এই কর্মশালার মধ্য দিয়ে সর্বমোট ২ হাজার ৫২ জন ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর যুক্ত হন।




### ♦ নাগরিকত্ব কর্মশালা

শিক্ষার্থীদের মধ্যে নাগরিকত্বের চেতনা বিস্তারের লক্ষ্যে নাগরিকদের অধিকার ও দায়-দায়িত্ব নিয়ে বিভিন্ন প্রকল্পের সহযোগিতায় এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার বরিশালের ইয়ুথ লিডারদের নিজস্ব উদ্যোগে বরিশালের ছয়টি জেলায় বর্তমান ফোরামের সময়কালে সর্বমোট ৫৮টি নাগরিকত্ব কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। যেখানে প্রত্যেকটিতে গড়ে ৩২ জন করে তরুণ-তরুণী অংশগ্রহণ করেন।

### ♦ সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট (স্যাপ)

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বরিশালের তরুণদের নিজস্ব উদ্যোগে বরিশালের ছয়টি জেলায় বর্তমান ফোরামের সময়কালে গণতন্ত্র, সুশাসন,

সম্প্রীতি, জলবায়ু, লিঙ্গীয় সমতা, মানসম্মত শিক্ষা-সহ বিভিন্ন বিষয়ে সর্বমোট ৫৮টি সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট (স্যাপ) চালু রয়েছে। এগুলোর মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক সমস্যা স্থায়ীভাবে দূরীকরণের পাশাপাশি স্থায়িত্বশীল পরিবর্তনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

### ♦ সামাজিক সম্প্রীতি সংলাপ

বরিশাল জেলায় ফোর্ব সোশ্যাল হারমনি প্রকল্পের আওতায় ইয়ুথ লিডারদের আয়োজনে তিনটি সামাজিক সম্প্রীতি সংলাপ অনুষ্ঠিত হয়েছে। প্রত্যেকটি সংলাপে জাতীয় সংসদ সদস্য, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। তিনটি সামাজিক সম্প্রীতি সংলাপের মাধ্যমে বরিশালের ইয়ুথ লিডাররা প্রত্যক্ষভাবে ১ হাজার ২০০ জন ও পরোক্ষভাবে আট শতাধিক মানুষের কাছে সামাজিক সম্প্রীতির গুরুত্ব এবং এ লক্ষ্যে সকলের করণীয় শীর্ষক বার্তা পৌঁছাতে পেরেছেন।

### ♦ সামাজিক সম্প্রীতি কর্মশালা



ফোর্ব সোশ্যাল হারমনি প্রকল্পের আওতায় ইয়ুথ লিডারদের আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় ও বরিশাল জেলার বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে সর্বমোট ২৩টি সামাজিক সম্প্রীতি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে, যেখানে সর্বমোট ১ হাজার ৩১১ জন শিক্ষার্থী ও তরুণ-তরুণী অংশগ্রহণ করেন।

### ♦ সামাজিক সম্প্রীতি বিতর্ক

ফোর্ব সোশ্যাল হারমনি প্রকল্পের আওতায় ইয়ুথ লিডারদের আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় ও বরিশাল জেলার বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পাঁচটি সামাজিক সম্প্রীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে, যেখানে সর্বমোট ৬২১ জন শিক্ষার্থী ও তরুণ তরুণী অংশগ্রহণ করেন ।

### ♦ সামাজিক সম্প্রীতি ক্যাম্পেইন



ফোর্ব সোশ্যাল হারমনি প্রকল্পের আওতায় ইয়ুথ লিডারদের আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় ও বরিশাল জেলার বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয় ও জনসমাগমস্থলে সামাজিক সম্প্রীতি নিয়ে লিফলেট বিতরণ, মানববন্ধন, চিত্র প্রদর্শনী, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্মারকলিপি প্রদান ইত্যাদি মাধ্যমে মোট আটটি সামাজিক সম্প্রীতি ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। এসব ক্যাম্পেইনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সর্বমোট ৭ হাজার ৩৪৭ জন শিক্ষার্থী, তরুণ-তরুণী ও সাধারণ মানুষ অংশগ্রহণ করেন।

### ♦ অন্যান্য উদ্যোগ



বিএমজেড প্রকল্পের আওতায় ও দি হাঙ্গার প্রজেক্টের সহায়তায় ইয়ুথ এন্ডিং হাঙ্গারের দশজন স্বেচ্ছাব্রতী ২৪-২৫ ডিসেম্বর ২০২২, দুই দিনব্যাপী 'ডাটা কালেকশন কর্মশালা'য় অংশগ্রহণ করেন। এরপর তাঁরা ২৬-২৮ ডিসেম্বর ২০২২ তারিখে বিদ্যালয়গামী ও বিদ্যালয় থেকে ঝরেপড়া শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত বেজলাইন সার্ভেতে অংশগ্রহণ করেন এবং বরিশালের বাবুগঞ্জ ও আগৈলঝাড়া উপজেলায় সার্ভে পরিচালনায় সহায়তা করেন।

## যশোর অঞ্চল

### সাংগঠনিক কাঠামো

মোট জেলা: ৪টি (যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর)

যশোর জেলা: ইউনিট ১৩টি; ইয়ুথ লিডারের সংখ্যা: ২২৯ জন (নারী: ১২৫ জন এবং পুরুষ: ১০৪ জন)

ঝিনাইদহ জেলা: ইউনিট ৪টি; ইয়ুথ সংখ্যা: ৪৯ জন (নারী: ১৫ জন এবং পুরুষ: ৩৪ জন)

কুষ্টিয়া জেলা: ইউনিট সংখ্যা ৭টি; ইয়ুথ সংখ্যা: ৭৫ জন (নারী: ৩৫ জন এবং পুরুষ: ৪০ জন)

মেহেরপুর জেলা: ইউনিট ২৩৫টি; ইয়ুথ: ৩,৬০০ জন (নারী: ১,৬০০ জন এবং পুরুষ: ২,০০০ জন)

### কার্যক্রমসমূহ

### ♦ যশোর ও কুষ্টিয়ায় তিন দিনব্যাপী ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর উদ্যোগে ১৭-১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে যশোর জেলায় তিন দিনব্যাপী ইয়ুথ লিডারশিপ

প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। যশোর শহরের শিশু নিলয় একাডেমিতে আয়োজিত উক্ত প্রশিক্ষণে ৩০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন অধীশ দাশ এবং পলাশ আহমেদ। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী মো খোরশেদ আলম এবং যশোর জেলা ফোরাম ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সমন্বয়কারী দীপ হালদার।



প্রশিক্ষণে সামাজিক দায়বদ্ধতা, তথ্য অধিকার আইন, অ্যাডভোকেসি, মুক্তিযুদ্ধের চেতনা, প্রত্যাশার বাংলাদেশ, তরুণ সমাজের ভূমিকা, নাগরিক, গণতন্ত্র ও সুশাসন এবং স্বয়ংক্রিয় নেতৃত্ব-সহ বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়া ১১-১৩ ডিসেম্বর ২০২৪ তারিখে কুষ্টিয়া শহরের দিশা টাওয়ার প্রশিক্ষণ সেন্টারে আরেকটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

### ♦ ইয়ুথ এন্ডিং হাঙ্গারের অভিযোজন ও পরিকল্পনা সভা

৫ ডিসেম্বর ২০২৪ তারিখে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের অভিযোজন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট যশোর আঞ্চলিক কার্যালয়ে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী মো. খোরশেদ আলম, অ্যাকাউন্টস অফিসার অধীশ দাশ-সহ প্রায় ২৫ জন ইয়ুথ লিডার উপস্থিত ছিলেন।

### ♦ বন্যার্তের জন্য তহবিল সংগ্রহ

বিগত বর্ষার সময় ফেনী, লক্ষীপুর ও কুমিল্লায় ভয়াবহ বন্যা দেখা দেয়। এরফলে সেখানকার মানুষের খাবার ও বিশুদ্ধ পানির সংকট দেয়। তাদের সহায়তার জন্য ঝিনাইদহের ইয়ুথ লিডাররা তহবিল সংগ্রহ করেন এবং যশোর অঞ্চলের সমন্বয়ক পলাশ আহমেদ উক্ত তহবিল বন্যার্তদের নিকট পৌঁছে দেন। একইভাবে মেহেরপুরের বন্যার্ত প্রায় ৭০০ পরিবারকে খাদ্য ও আর্থিক সহায়তা দেয় স্থানীয় ইয়ুথ লিডাররা।

### ♦ নাগরিক অধিকার ও দায়বদ্ধতা বিষয়ক উঠান বৈঠক

সাধারণ জনগণকে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে দি হাঙ্গার প্রজেক্ট-এর উদ্যোগে নাগরিক অধিকার ও দায়বদ্ধতা বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে অংশগ্রহণ করেন ইয়ুথ লিডার আনিকা বৈশাখী, ফারদিন আহমেদ মারুফ, সুমাইয়া আক্তার সিমু, রাতুল হাসান। প্রশিক্ষণ পরবর্তী সময়ে তারা নিজ এলাকা ঝিনাইদহ সদরে মোট ১৬টি উঠান বৈঠকের মাধ্যমে উপরোক্ত বিষয়ে জনগণকে সচেতন করেন।

### ♦ ইসলামিক কুইজ ও পুরস্কার বিতরণী

১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে ঝিনাইদহ সদর উপজেলার মথুরাপুর ইয়াতিম মাদরাসায় ইসলামিক কুইজ ও পুরস্কার বিতরণী সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে দুই বিভাগে (ক ও খ বিভাগ) কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ক বিভাগে প্রথম পুরস্কার পান আব্দুস সালাম এবং খ বিভাগে প্রথম হন সাগর আলী।

### ♦ ইসলামী বিশ্ববিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর আয়োজনে ইসলামী বিশ্ববিদ্যায়ে (ইবি) কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ৯ ডিসেম্বর ২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের ফুটবল মাঠ প্রাঙ্গণের উত্তর পাশে এটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ ইবি শাখার সমন্বয়কারী মোতালেব বিশ্বাস লিখন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটাল ম্যানেজম্যান্ট বিভাগের প্রভাষক ও সহকারী প্রক্টর মো ইয়ামিন মাসুম। কুইজ প্রতিযোগিতায় প্রায় ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়।

### ♦ ইসলামী বিশ্ববিদ্যালয়ে ফলো-আপ সভা ও নাগরিকত্ব বিষয়ক কর্মশালা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে ইবিতে ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে। ২৮ নভেম্বর ২০২৪ তারিখে সাদ্দাম হোসেন হলের অতিথি কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান করেন যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ হোসেন পলাশ। ক্যাম্পাসে কী কী সামাজিক দায়বদ্ধতামূলক কাজ করা যায় সে বিষয়েও আলোচনা করেন তিনি। এছাড়া ২৮ অক্টোবর ২০২৪ তারিখে ইসলামী বিশ্ববিদ্যালয়ের টিএসসির সামাজিক ও সাংস্কৃতিক মঞ্চের (ঐক্যমঞ্চ) কার্যালয়ে নাগরিকত্ব বিষয়ক কর্মশালা ও ফলোআপ সভা অনুষ্ঠিত হয়।

### ♦ গাংনীতে নাগরিক অলিম্পিয়াড

২৬ নভেম্বর ২০২৩ তারিখে মেহেরপুরের গাংনী সরকারি ডিগ্রি কলেজে নাগরিক অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। এতে প্রায় ৩০০ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা।

### ♦ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা



ডেঙ্গ প্রতিরোধের ব্যাপারে মানুষকে সচেতন করার লক্ষ্যে ২০২৩ সালের জুলাই মাসে মাসব্যাপী সচেতনতা বৃদ্ধিমূলক পরিচ্ছনতা অভিযান পরিচালনা করেছেন ইয়ুথ লিডাররা। এ লক্ষ্যে তারা মানুষের বাড়িতে বাড়িতে গিয়ে পরিচ্ছন্নতার গুরুত্ব বোঝানোর চেষ্টা করেন এবং বাড়ির আশপাশে জমে থাকা ময়লা ও পানি অপসারণ করেন।

### ♦ মেহেরপুরে ইয়ুথ কনফারেন্স

২০২৩ সালের নভেম্বর মাসে মেহেরপুরে ইয়ুথ কনফারেন্সের আয়োজন করা হয়। প্রায় ৪০০ জন ইয়ুথ লিডার উক্ত সম্মেলনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

### ♦ বৃক্ষরোপণ কর্মসূচি



তাপমাত্রা বৃদ্ধি রোধ এবং মানুষের ফলের চাহিদা পূরণের লক্ষ্যে ইয়ুথ লিডারদের উদ্যোগে ২০২৩ সালের আগস্ট মাসে মেহেরপুরের বিভিন্ন ইউনিয়নে মানুষের মাঝে ফল গাছের চারা বিতরণ করা হয়।

## রংপুর অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

মোট জেলা: ৭টি (রংপুর সদর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় সাংগঠনিক জেলা, নীলফামারী, দিনাজপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা)

রংপুর সদর জেলা: সদর উপজেলা ইউনিট: ৪টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ২৬০ জন (রংপুর জেলার ভিডিটি ইউনিট সদস্য-সহ)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়: ইউনিট ৩টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ১২০ জন

নীলফামারী: ইউনিট ৬টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ১১৫ জন

দিনাজপুর: ইউনিট ৩টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৬০ জন

লালমনিরহাট: ইউনিট ৫টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৭৫ জন

কুড়িগ্রাম: ইউনিট ৩টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৪৫ জন

গাইবান্ধা: ইউনিট ৫টি; সক্রিয় ইয়ুথের সংখ্যা: ১০৫ জন

ঠাকুরগাঁও: ইয়ুথের সংখ্যা ১৫ জন; পঞ্চগড়: ইয়ুথের সংখ্যা ১৫ জন

মোট ইউনিট: ৩৫+৬টি হারমোনি ইউনিট = ৪১টি

মোট সক্রিয় ইয়ুথের সংখ্যা: ৮১০ জন

### কার্যক্রমসমূহ

### ♦ শীতের আমেজে তরুণদের মিলনমেলা 'তারুণ্যের ঐকতান'

শিশির ভেজা শীতের সকালে বটবৃক্ষের মতো অনুপ্রেরণায় যেন তারুণ্য কলরবে মুখরিত হয়েছে রংপুর অঞ্চল। খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও গল্প-গুজবে ভরপুর এক অন্যরকম দিন। এই মিলনমেলার মধ্য দিয়ে রংপুর অঞ্চলের তরুণদের মাঝে যেন আবারোও নতুন করে এক প্রাণের সঞ্চার হয়েছে। ১৪ জানুয়ারি ২০২৩ তারিখে এমনই একটি আয়োজন ছিল 'তারুণ্যের ঐকতান', যেখানে রংপুর অঞ্চলের বিভিন্ন জেলা থেকে ১৫০ জন ইয়ুথ লিডার যুক্ত হন। কারমাইকেল কলেজের বটমূল এই শতাধিক তরুণ-তরুণীর কলরবে সেদিন মুখরিত ছিল।

### ♦ স্বাধীনতা দিবস উদ্‌যাপন



২৬ মার্চ আমাদের মহান স্বাধীনতা দিবস। স্বাধীনতা দিবস উপলক্ষে ছোট্ট শিশুদের মাঝে 'তোমার চোখে স্বাধীনতা' শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেন রংপুর অঞ্চলের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইয়ুথ লিডাররা। উক্ত আয়োজনে ৪০ জন শিশু অংশগ্রহণ করেন। আয়োজনের মধ্যে ছিল চিত্রাঙ্কন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী ও সনদ প্রদান।

### ♦ 'ক্লিন ক্যাম্পাস, গ্রিন ক্যাম্পাস'



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় সাংগাঠনিক জেলার একটি নিয়মিত মাসিক ইভেন্ট হলো 'ক্লিন ক্যাম্পাস, গ্রিন ক্যাম্পাস'। ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে ইয়ুথ লিডাররা নিজ উদ্যোগে এই কার্যক্রম হাতে নেন। প্রতি মাসের নির্দিষ্ট একদিন এই কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। ক্যাম্পাসের বিভিন্ন স্থানে পড়ে থাকা প্লাস্টিক-পলিথিন পরিষ্কার করার পাশাপাশি পরিচ্ছন্নতা নিয়ে দেয়ালিকা, পোস্টারিং, বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ডাস্টবিন প্রদানের জন্য চিঠি দেয়া–এরকম বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয় এই ইভেন্টের মাধ্যমে।

### ♦ আঞ্চলিক ইয়ুথ সচিবালয় গঠন



রংপুর অঞ্চলের ইয়ুথ লিডারদের অনেক দিনের একটা চাওয়া ছিল, দি হাঙ্গার প্রজেক্ট এর আঞ্চলিক কার্যালয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার-এর ইয়ুথ কর্নার বা আঞ্চলিক ইয়ুথ সচিবালয় গঠন করা। দি হাঙ্গার প্রজেক্ট এর আঞ্চলিক সমন্বয়কারী রাজেশ দের একান্ত সহযোগিতায় এটি সম্ভব হয়েছে। এখন ইয়ুথ লিডাররা তাদের মতো করে একটি নির্দিষ্ট স্থানে একত্রিত হতে পারছেন এবং সংগঠনকে এগিয়ে নেওয়ার জন্য নানাবিধ কর্মসূচি বাস্তবায়ন করতে পারছেন।

### ♦ 'স্বাধীনতা দিবস' বিষয়ক কুইজ প্রতিযোগিতা

২৬ মার্চ (২০২৪) মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রংপুর অঞ্চল আয়োজন করে 'স্বাধীনতা দিবস' বিষয়ক এক কুইজ প্রতিযোগিতা, যেখানে রংপুর অঞ্চলের ৩১০ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মাধ্যমে সকলের মাঝে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস, স্বাধিকার চেতনা, বাংলাদেশের সংবিধান–এসব বিষয়ে সচেতনতা বৃদ্ধি পায়।

### ♦ 'তারুণ্য দর্পণ' ই-ম্যাগাজিন

রংপুরের ইয়ুথ লিডারদের উদ্যোগে প্রতিনিয়ত প্রকাশিত হচ্ছে 'তারুণ্য দর্পণ' ই-ম্যাগাজিন। এতে নিয়মিত তুলে ধরা হচ্ছে ইয়ুথদের সাফল্যের গল্প, সৃজনশীল শিল্পকর্ম। ভবিষ্যতে এটি প্রিন্ট আকারে প্রকাশের পরিকল্পনা নিয়েছে ইয়ুথরা, যা তরুণদের লেখালেখির কাজকে আরও বেগবান করে তুলবে। শুধু লেখা লেখিই নয়, প্রতিটি সফলতার গল্প যা একজন তরুণকে নাড়া দেয় সমাজে আরও ভালো অবদান রাখার জন্য, তারুণ্য দর্পণ সেই কাজগুলোকে সকলের মাঝে ছড়িয়ে দিতে বিগত ৩ বছর থেকে কাজ করে যাচ্ছে।

### ♦ বৃক্ষরোপণ কর্মসূচি পালন



রংপুর সদর, নীলফামারী, কুড়িগ্রাম ও গাইবান্ধাতে বিভিন্ন সময় বিগত দু বছরে ইয়ুথ লিডাররা বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে আসছে এবং অন্যদেরও এ বিষয়ে সচেতন করার জন্য সামাজিক প্রচারণা চালিয়ে যাচ্ছে।

### ♦ পাঠচক্র আয়োজন

রংপুর অঞ্চলের ইউনিটসমূহ যৌথভাবে বিভিন্ন সময় নিয়মিতভাবে পাঠচক্রের আয়োজন করে যাচ্ছে। বিগত ২ বছরে মোট ১৯টি ইউনিটভিত্তিক পাঠচক্রের আয়োজন করা হয়, যেখানে প্রায় দু'শ জন তরুণ-তরুনী অংশগ্রহণ করেন। এর পাশাপাশি উক্ত পাঠচক্রগুলোতে কুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

## সফলতা

### ♦ 'ইয়ুথ লিডারশিপ নেটওয়ার্ক'



ইয়ুথ এন্ডিং হাঙ্গার রংপুর অঞ্চলের একদল তরুণ সামাজিক সম্প্রীতি বিষয়ে সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'সম্প্রীতির ঐকতান' নামে একটি সামাজিক উদ্যোগ গ্রহণ করে। এর সোস্যাল অ্যাকশন প্রজেক্টের সঙ্গে রংপুরের স্থানীয় সমমনা সংগঠনগুলোর সমন্বয়ে একটি নেটওয়ার্ক তৈরি করা হয়, যার নাম দেয়া হয় 'ইয়ুথ লিডারশিপ নেটওয়ার্ক'। এই উদ্যোগের আওতায় রংপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠান ও বেশকিছু কমিউনিটিতে ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ, সামাজিক সম্প্রীতি কর্মশালা, ফেক্ট চেকিং কর্মশালা, সম্প্রীতি অলিম্পিয়াড, প্রচারভিজান, উঠান বৈঠক, সম্প্রীতি বিষয়ক পথনাটকের মতো বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়, যা সকলের মাঝে সম্প্রীতি বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরবর্তীতে এই উদ্যোগটি দি এশিয়া ফাউন্ডেশন-এর দেওয়া একটি ইনোভাশন গ্রান্টে বিজয়ী হয়, যা বর্তমানে এই কার্যক্রমগুলোকে পর্যায়ক্রমে চালিয়ে নিতে এবং তরুণদের মাঝে সচেতনতা বৃদ্ধিতে অগ্রণী ভূমিকা পালন করছে।

### ♦ আয়মুখী উদ্যোগ: ভার্মি কম্পোস্ট চাষ

রংপুরের গংগাচড়া উপজেলার আলমবিদিতর ইউনিয়নের ইয়ুথ লিডার মো. রাকিবুজ্জামান, খামারমোহনার গণগবেষক মো. গোলাম মোক্তাদির এবং মো. তহানুর ইসলাম পায়েল যৌথ উদ্যোগে ভার্মি কম্পোস্ট (জৈব সার) উৎপাদনের মাধ্যমে আয় শুরু করেছেন। তাঁরা ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় কিসামত গনেশ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত ভার্মি কম্পোস্ট বিষয়ক এক প্রশিক্ষণে অংশ নেন। প্রশিক্ষণের পর তাঁরা ক্যানেলের রাস্তার ছন (বিন্না) কেটে পলিথিন ও বাঁশ দিয়ে চালা তৈরি করেন এবং সেখানে আটটি রিং স্থাপন করেন। প্রতি রিং ২৫০ টাকা হিসেবে ৮টিতে মোট ২ হাজার টাকা ব্যয় করেন। নিজেদের বাড়ি থেকে গোবর এনে রিংগুলোতে দিয়ে তাতে ১ হাজার ২০০ টাকায় এক কেজি কেঁচো কিনে কম্পোস্ট সার উৎপাদনের কাজ শুরু করেন। তাঁরা দায়িত্ব ভাগ করে নিয়ে এই প্রকল্পের তদারকি চালান। প্রথম ধাপে তারা ২৫০ কেজি ভার্মি কম্পোস্ট সার উৎপাদন করেন। ১৭ এপ্রিল ২০২৩ তারিখে কিসামত গনেশ গ্রাম উন্নয়ন দলের সভাপতি মো. নাজমুল ইসলাম-এর নিকট দশ টাকা কেজি দরে ১০০ কেজি এবং অন্যদের নিকট ৫০ কেজি ভার্মি কম্পোস্ট বিক্রি করে ১ হাজার ৫০০ টাকা আয় করেন। মো. রাকিবুজ্জামান, গোলাম মোক্তাদির ও তহানুর ইসলাম পায়েল জানান, বাজারে ভার্মি কম্পোস্টের ব্যাপক চাহিদা রয়েছে। তাই ভবিষ্যতে তাঁরা বড় আকারে ভার্মি কম্পোস্ট উৎপাদনের পরিকল্পনা নিয়েছেন।

## সিলেট অঞ্চল

### সাংগঠনিক অবস্থান

জেলা: সুনামগঞ্জ, সিলেট সদর, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়া

সাংগঠনিক জেলা: সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোট জেলা: ৭টি

ইউনিট সংখ্যা: ৪০টি; সক্রিয় ইউনিট: ৩০টি; নিষ্ক্রিয় ইউনিট: ১০টি

ইউনিট সদস্য: ৬৬০ জন (নারী: ৩০০ জন এবং পুরুষ: ৩৬০ জন)




### কার্যক্রমসমূহ

- ♦ ইয়ুথ লিডারশিপ প্রশিক্ষণ: ৪টি (২০২৩-২৪)
- ♦ ক্যাম্পেইন: ২টি
- ♦ পাঠচক্র: ৩টি
- ♦ বিতর্ক প্রতিযোগিতা
- ♦ স্থানীয় সংসদ সদস্যের উপস্থিতিতে সম্প্রীতি সংলাপ: ২টি
- ♦ শীতবস্ত্র বিতরণ
- ♦ বৃক্ষরোপণ কর্মসূচি
- ♦ বিশেষ উদ্যোগ: নগর সংস্কার পরিকল্পনা সিলেট সিটি করপোরেশনের মেয়রের নিকট হস্তান্তর ও সামাজিক সম্প্রীতি বিষয়ক নাটিকা উপস্থাপন
- ♦ সুনামগঞ্জ পৌরসভার মুক্তমঞ্চে সামাজিক সম্প্রীতি বিষয়ক পথনাটিকা আয়োজন
- ♦ সুনামগঞ্জের জামালগঞ্জে নাগরিকত্ব অলিম্পিয়াড আয়োজন
- ♦ সুনামগঞ্জ জেলার হতদরিদ্র মানুষের মধ্যে শীতবস্ত্র বিতরণ।

### সফলতা

#### ব্যক্তিগত অর্জন




বিশ্ব যুব উৎসব অন্যতম একটি আন্তর্জাতিক উৎসব যেখানে সারা বিশ্ব থেকে তরুণ-তরুণীরা অংশগ্রহণ করেন। এবার এই অনুষ্ঠানটি আয়োজন করা হয়েছিল রাশিয়ায়, ১-৭ মার্চ ২০২৪ তারিখে। ইয়ুথ এন্ডিং হাঙ্গারের প্রতিনিধি হিসেবে সুনামগঞ্জ জেলার জেলা সমন্বয়কারী তাজকিরা হক তাজিন উক্ত অনুষ্ঠানে যোগদান করেন।

সব বাধা পেরিয়ে..
সাফল্য তারুণ্যের!

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ